

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পার-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১৯.০৪৫.১৭-৫৮

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৬  
১৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়ন নীতিমালা-২০২০।

প্রস্তাবনাঃ মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়নের উদ্দেশ্যে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করল। যথাঃ-

- সংক্ষিপ্ত শিরোনাম: এ নীতিমালা “মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়ন নীতিমালা-২০২০” নামে অভিহিত হবে।
- উদ্দেশ্য: সরকারি মেডিকেল কলেজ এবং সরকারি ডেন্টাল কলেজ এ অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে পদায়ন, যোগ্যতা নিরূপণ ও ফিটলিস্ট তৈরীর উদ্দেশ্যকল্পে এ নীতিমালা প্রযোজ্য হবে।
- প্রবর্তন: আদেশ জারির তারিখ হতে এ নীতিমালা কার্যকর হবে।
- সংজ্ঞা: (ক) ‘মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ’ অর্থ সরকারি অর্থায়নে পরিচালিত সরকারি মেডিকেল কলেজ ও সরকারি ডেন্টাল কলেজ।  
(খ) ‘অধ্যাপক’ অর্থ মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও অন্যান্য সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত অধ্যাপক।  
(গ) ‘নিয়মিত অধ্যাপক’ অর্থ এসএসবির মাধ্যমে পদোন্নতি প্রাপ্ত অধ্যাপক।  
(ঘ) ফিটলিস্ট অর্থ মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়নের নিমিত্ত চূড়ান্তভাবে বাছাইকৃত কর্মকর্তাগণের তালিকা।  
(ঙ) বাছাই কমিটির অর্থ এ নীতিমালায় উল্লিখিত বাছাই কমিটি।

৫. ফিটলিস্ট তৈরীর ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলি:

- অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে কাজ করতে আগ্রহী চিকিৎসক কর্মকর্তাদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- আগ্রহী চিকিৎসক কর্মকর্তাদের সাক্ষাৎকার গ্রহণ পূর্বক ফিটলিস্ট তৈরী করা হবে।
- এই ফিটলিস্ট এর মেয়াদ হবে সর্বোচ্চ ০২ (দুই) বছর।
- ফিটলিস্ট তৈরী করার জন্য একটি বাছাই কমিটি থাকবে।
- প্রতিবছরে একবার ফিটলিস্ট তৈরী করা হবে।

৬. ফিটলিস্ট তৈরীর নিমিত্ত বাছাই কমিটি:

- |   |            |
|---|------------|
| ১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়                                     | সভাপতি     |
| ২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়        | সদস্য      |
| ৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ                            | সদস্য      |
| ৪. অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য      |
| ৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা                                       | সদস্য      |
| ৬. পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা                          | সদস্য      |
| ৭. যুগ্ম সচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ                                   | সদস্য সচিব |

অ:পূ:দ্র:

০৭. কমিটির কার্যপরিধি:

- (ক) অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে পদায়নের উদ্দেশ্যে ফিটলিস্ট তৈরীর নিমিত্ত আবেদনকারীদের আবেদন যাচাই-বাছাই করা।  
(খ) আবেদন যাচাই-বাছাই শেষে সাক্ষাৎকার গ্রহণ পূর্বক ফিটলিস্ট চূড়ান্তকরণ।

০৮. অধ্যক্ষ পদের যোগ্যতা-

- (ক) আবেদনকারীকে নিয়মিত অধ্যাপক পদধারী চিকিৎসক কর্মকর্তা হতে হবে।  
(খ) নিয়মিত অধ্যাপক হিসেবে ন্যূনতম এক বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।  
(গ) আবেদনকারীকে সরকারি মেডিকেল কলেজ/সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে।

০৯. উপাধ্যক্ষ পদের যোগ্যতা-

- (ক) আবেদনকারীকে নিয়মিত অধ্যাপক পদধারী চিকিৎসক কর্মকর্তা হতে হবে।  
(খ) আবেদনকারীকে সরকারি মেডিকেল কলেজ/সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে।

১০. সরকার সময়ে সময়ে এ নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন করতে পারবে।

২৬.০২.২০২০  
(মোহাম্মদ মোহসীন উদ্দিন)  
উপসচিব  
ফোন-৯৫৪৬০৫১  
Per1@mefwd.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১৯.০৪৫.১৭-৫৮

তারিখঃ ১৬/০২/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য সেবা/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. যুগ্ম সচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৭. পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. অধ্যক্ষ/পরিচালক.....।
- ✓ ৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।